
# চাষবাস বারোমাস

সৌজন্যঃ কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার ২০১৪



নবদিশা


# চাষবাস বারোমাস

## কৃষিকাজ

পৌষ (Dec-Jan) ও মাঘ (Jan-Feb)

ফসল বোনা যাবে-

কলাই, মুগ, চীনাবাদাম, তিল, সূর্যমুখী, তরমুজ, ঢেঁড়স, করলা, শসা, লাউ, চালকুমড়ো, কুমড়ো প্রভৃতি। চারা তৈরি/প্রস্তুতি- বোরোধান। চারা রোয়া/লাগানো- বোরোধান, লঙ্কা, টম্যাটো, মিষ্টি আলু প্রভৃতি।



অন্তর্বর্তী পরিচর্যা-

বোরোধান রোয়ার ২০ দিন পর ১ম চাপান সার প্রয়োগ। গম বোনার ২১ দিন পর ১ম চাপান সার দিয়ে সেচ ও ৪০-৪৫ দিন পর ২য় চাপান সার প্রয়োগ। সূর্যমুখী বোনার ৩০ দিন পর প্রতি মাদাতে ১টি করে গাছ রেখে বাকি তুলে ফেলে চাপান সার প্রয়োগ। ডালশস্য বোনার ৩০ ও ৪৫ দিনের মাথায় ২ শতাংশ ডি এ পি বা ইউরিয়া স্প্রে করতে হয়। আলুতে ১০-১২ দিন অন্তর সেচ প্রয়োগ। সবজি ও মশলা জাতীয় ফসল লাগানোর ২১ ও ৪২ দিন পর চাপান সার প্রয়োগ, আম লাগানোর ৪০-৪৫ ও ৮০-৯০ দিন পর চাপান সার প্রয়োগ।

শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- বোরোধান ধানের বীজতলা ও রোয়া জমিতে ঝলসা, খয়রা রোগ। রোয়ার ৭-৮ দিন পূর্বে বোরোধানের স্বল্প জলমগ্ন বীজতলাতে দানাদার কীটনাশক প্রয়োগ। সর্ষেতে জাবপোকা, পাতা ধসা ও শিকড় ফোলা রোগ। কার্ত্তিকে প্রবল অকাল বৃষ্টির ফলে দেরিতে লাগানো আলু গাছে ১০ দিন অন্তর প্রতিরোধক ছত্রাকনাশক প্রয়োগ করে নাবি ধসা রোগ প্রতিরোধ করা প্রয়োজন। ছোলার ঢলে পড়া ও শুঁটি ছিদ্রকারী পোকা, মসুর, মটরশুঁটি ও খেসারির পাউডার রোগ, শুঁটি ছিদ্রকারী পোকা এবং জাবপোকা। আখে গোড়া ছিদ্রকারী ও ডগা ছিদ্রকারী পোকা। আম গাছে শোষক পোকা ও পাউডার রোগ। সবজির পাতা খেকো পোকা, ডাঁটা ও ফলছিদ্রকারী পোকা, রসচোষক পোকা, পাতার দাগ রোগ। পানের ঢলে পড়া ও পাতায় দাগ।

ফসল তোলা-

জলদি লাগানো আলু, কচু, ওল, আদা, হলুদ প্রভৃতি।

বিবিধ-


জল ও ভূমি সংরক্ষণের জন্য নতুন ও পুরনো পুকুর, নালা, কুয়ো খনন, ঢল বাঁধ, জোড় বাঁধ, স্পীলওয়ে, নালাক্ষয় রোধ, জমি উন্নীতকরণ।

## কৃষিকাজ

ফাল্গুন (Feb-Mar) ও চৈত্র (Mar-Apr)

ফসল বোনা যাবে-

গ্রীষ্মকালীন ভুট্টা, তিল (ফাল্গুন), মুগ (ফাল্গুন), কলাই (ফাল্গুন), চীনাবাদাম (ফাল্গুন), পাট (চৈত্র), বসন্তকালীন আখের সাথীফসল মুগ, তিল, ঢেঁড়স, লাল শাক প্রভৃতি। চারা তৈরি/প্রস্তুতি- পেঁপে, বেগুন, পুঁই, লঙ্কা প্রভৃতি। চারা রোয়া/লাগানো- বসন্তকালীন আখ, আদা, হলুদ, ওল, কচু।



অন্তর্বর্তী পরিচর্যা-

বোরোধান রোয়ার ২১ দিন মাথায় ১ম চাপান সার প্রয়োগ। আলু ও গম তোলার ১০ দিন আগে সেচ বন্ধ। ভুট্টা লাগানোর ৩০ ও ৪৫ দিন পর চাপান সার প্রয়োগ।

আলুর পরে তিল চাষে সার প্রয়োগ করতে হবে না। ডালশস্য বোনার ৩০ ও ৪৫ দিনের মাথায় ২ শতাংশ ডি এ পি বা ইউরিয়া দ্রবন স্প্রে। আলুতে ১০-১২ দিন অন্তর সেচ প্রয়োগ। আখ লাগানোর ৪৫ দিন পর ১ম চাপান সার প্রয়োগ। আখ লাগানোর ৪০-৪৫ ও ৮০-৯০ দিন পর চাপান সার প্রয়োগ।

শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- বোরোধানে মাজরা, পাতামোড়া, ঝলসা, খয়রা রোগ। গমে কালো ভুষো ও উই পোকা। সূর্যমুখীতে লেদজাতীয় পোকা ও টিয়াপাখির উপদ্রব। লঙ্কা, তরমুজ, কুমড়ো, জাতীয় সবজিতে মাকড়, নালীপোকা, সাদামাছি, পাউডার রোগ, পাতায় দাগ রোগ। পানের ডাঁটা ও পাতা পচা, শিলাবৃষ্টিজনিত ক্ষতির মেরামতি। ডালজাতীয় ফসলে শুঁটি ছিদ্রকারী পোকা। আমগাছে শোষক পোকা। আখে ডগা ছিদ্রকারী পোকা।

ফসল তোলা-

দানা শক্ত ও ফুলের পিছন অংশ নরম হলে সূর্যমুখী তুলুন। আলু, পেঁয়াজ, গম, সর্ষে, খেসারি, মুসুর, মটর, তিসি সকালে তুলুন।

বিবিধ-


চৈত্র মাসে মাটির নমুনা সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠান। সুবিধা মতো গ্রীষ্মকালীন লাঙল দিয়ে জমিতে জৈব সার মেশান। জল ও ভূমি সংরক্ষণের জন্য নতুন ও পুরনো পুকুর, খাল-বিল, কুয়ো খনন, বিভিন্ন বাঁধ তৈরি ও মেরামতি, সেচ ও নিকাশি নালা সংস্কার, জমির আল মেরামতি।

## কৃষিকাজ

বৈশাখ (Apr-May) ও জ্যৈষ্ঠ (May-Jun)

ফসল বোনা যাবে-

বোনা আউস ধান, মিঠা পাট, তিতা পাট (বৈশাখের মাঝামাঝি), ভুট্টা (জ্যৈষ্ঠ), সয়াবিন (জ্যৈষ্ঠ), বর্ষাকালীন সবজি যেমন ওল, কচু, হলুদ, আদা, ঢেঁড়স, বরবটি, শসা, পুঁই প্রভৃতি। চারা তৈরি/প্রস্তুতি- রোয়া আউস ধান, বোনা ও রোয়া আমন ধান (জ্যৈষ্ঠ), বর্ষাকালীন সবজি (জ্যৈষ্ঠ) যেমন বেগুন, লঙ্কা প্রভৃতি। চারা রোয়া/লাগানো- আউস ধান, পেঁপে চারা ও ফল গাছের চারা (জ্যৈষ্ঠ)। ফল গাছ লাগানোর গর্ত তৈরি (বৈশাখ)।



অন্তর্বর্তী পরিচর্যা-

পাট বোনার ১৫-২০ দিন ও ৩৫-৪০ দিনের মাথায় চাপান সার প্রয়োগ। আখ লাগানোর ৪০-৪৫ দিন ও ৮০-৯০ দিনের মাথায় চাপান সার প্রয়োগ। চীনাবাদামে ফুল আসার আগে সেচ প্রয়োগ (বৈশাখ)। সবজি, ফল গাছ, নতুন আম বাগানে সেচ প্রয়োগ। ফল গাছ ও চারা লাগানোর নতুন গর্তে সার প্রয়োগ।

শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- বোরো ধানে বাদামী শোষক পোকা ও শিষ কাটা লেদা।

পাটে শুঁয়োপোকা, আঙ্কা পোকা ও হলুদ মাকড়। মুগে শুঁয়োপোকা, তিলে শুঁয়োপোকা ও ফাইলোডি রোগ, সূর্যমুখীতে শুঁয়োপোকা, চীনাবাদামে শুঁয়োপোকা ও টিক্কা রোগ। সবজিতে পাতা খাওয়া পোকা, গোড়া পচা ও পাতায় দাগ। পানের পাতা ও ডাঁটা পচা, গোড়া পচা রোগ ও শিলাবৃষ্টি জনিত ক্ষতির পরিচর্যা। আখের ডগা ছিদ্রকারী পোকা, দয়েপোকা ও মাকড়।

ফসল তোলা-

৮০% দানা পেকে গেলে বোরো ধান কেটে নিন। ফুলের পিছন অংশ নরম এবং দানা কালো ও শক্ত হলে সূর্যমুখী তুলুন। ৮০% চীনাবাদামে খোসার ভিতরের দিক কালো হলে ফসল তুলে নিতে হবে। পাতা হলুদ হতে শুরু করলে ও শুঁটি শক্ত হয়ে গেলে তিল কেটে খামারে জাঁক দিতে হবে।

বিবিধ-


পরীক্ষার জন্য মাটি সংগ্রহ করে পরীক্ষাগারে পাঠান। জমিতে গ্রীষ্মকালীন লাঙল দিন। সবুজ সারের জন্য ধান জমিতে ধনচে বীজ বুনুন। জল সংরক্ষণের জন্য নতুন ও পুরনো পুকুর, খাল, নালা, কুয়ো খনন এবং জোড় বাঁধ, স্পীলওয়ে, নালাক্ষয়রোধ, জমি উন্নীতকরণ।

## কৃষিকাজ

### আষাঢ় (Jun- Jul) ও শ্রাবণ (Jul- Aug)

ফসল বোনা যাবে-

আষাঢ়ে অড়হর, সয়াবিন, চীনাবাদাম, তিল এবং শ্রাবণে মুলো, পালং, নটে, ঢেঁড়স, পুঁই প্রভৃতি। চারা তৈরি/প্রস্তুতি- উন্নত ফলনশীল আমন ধান, জলদি জাতের বাঁধাকপি, ফুলকপি, টম্যাটো, বেগুন প্রভৃতি, ফল গাছের চারা তৈরি। চারা রোয়া/লাগানো- আউশ ধান (আষাঢ়), দেশি আমন ধান (আষাঢ়), উচ্চ ফলনশীল আমন ধান, জলদি বাঁধাকপি, ফুলকপি, টম্যাটো, বেগুন প্রভৃতি, সব ধরনের ফল গাছের চারা।



অন্তর্বর্তী পরিচর্যা-

বোনা আউস ধানে ১৫, ৩০ ও ৪৫ দিনের মাথায়, রোয়া আউস ধানে ১৫ ও ৪৫ দিনের মাথায় এবং

রোয়া আমন ধানে ১৫ দিনের মাথায় চাপান সার প্রয়োগ। বোনা আমন ধানে লাঙল দিয়ে গাছ পাতলা করা ও সার প্রয়োগ। ভুট্টা লাগনোর ৩০ দিন পর ও ফুল আসার সময় চাপান সার প্রয়োগ। পাট বোনার ৩০-৪০ দিনের মাথায় দ্বিতীয় চাপান সার প্রয়োগ। আগের ঝাড়ের গোড়ার দিকে পুরনো পাতা জড়িয়ে বেঁধে দেওয়া ও লাগানোর ৮০-৯০ নিনের মাথায় চাপান সার প্রয়োগ। ঢেঁড়স, ঝিঙে, শসা, চালকুমড়ো, আদা, হলুদ, ওল, কচু প্রভৃতিতে আগাছা নিয়ন্ত্রণ করে চাপান সার প্রয়োগ। তিলে ফুল আসার সময় চাপান সার প্রয়োগ। ফল বাগানে আগাছা পরিষ্কার করে পুরনো ডালপালা ছেঁটে সার প্রয়োগ।

শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- আউস ও আমন ধানে মাজরা, পাতা মোড়া, পামরি পোকা এবং খোলা পচা, বাদামি দাগ, ঝলসা, ব্যাকটেরিয়া ধসা রোগ। পাট গাছে শুঁয়োপোকা, কেড়ি পোকা, লাল ও হলুদ মাকড়। আখে ডগাছিদ্রকারী পোকা, অড়হরে কান্ড ও শুঁটি ছিদ্রকারী পোকা, বিছা পোকা, মরচে ও ধসা রোগ, সয়াবীনে শুঁটি ছিদ্রকারী পোকা, বিছা পোকা, গোড়াপচা ও পাতায় দাগ, চীনাবাদামে শুঁয়োপোকা, বিছা পোকা, মরচে ও টিক্কা রোগ, তিলে বিছা পোকা।

ফসল তোলা-

পাটের ১২০-১৩৫ দিন বয়সে অর্থাৎ ফুল থেকে ফল ধরা শুরু হলে পাট কাটার উপযোগী হয়।

বিবিধ-


জমির আলের মেরামতি করা প্রয়োজন। আষাঢ়ের প্রথমে সবুজ সারের জন্য ধনচে বীজ বোনা যাবে ও দেড় মাস বয়সি ধনচে গাছ লাঙল দিয়ে মাটির সঙ্গে মেশাতে হবে। সার্ভে ও মানচিত্র তৈরি করে ভূমি ও জল সংরক্ষণ প্রকল্পের উপযুক্ত স্থান নির্বাচন।

## কৃষিকাজ

ভাদ্র (Aug- Sep) ও আশ্বিন (Sep- Oct)

ফসল বোনা যাবে-

কলাই(ভাদ্র), মুলো, পালং, নটে, মেথি প্রভৃতি, আশ্বিনে টোরি ও সাদা সর্ষে, মটরশুঁটি, মসুর বীজ সংগ্রহ। চারা তৈরি/প্রস্তুতি- বাঁধাকপি, ফুলকপি, টম্যাটো, লঙ্কা, ক্যাপসিক্যাম, ওলকপি প্রভৃতি। আম, পেয়ারা, লিচু, সবেদার কলম করা যাবে। চারা রোয়া/লাগানো- নাবি আমন ধান (ভাদ্রের প্রথমার্ধ), জলদি আলু।



অন্তর্বর্তী পরিচর্যা-

বোনা ও রোয়া আমন ধানে আগাছা তোলা ও ১ম চাপান সার প্রয়োগ। শেষ চাপান থোড় মুখে প্রয়োগ। কলাই-এর ৩০ ও ৪৫ দিন বয়সে ২ শতাংশ ডি এ পি দ্রবণ স্প্রে। সবজি বোনা ও রোপণের ২১ ও ৪২ দিন পর চাপান সার প্রয়োগ। পেঁপে চারা বসানোর ৩ ও ৬ মাস বয়সে চাপান সার প্রয়োগ।

শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- ধান গাছে মাজরা পাতা মোড়া, পামরি, শ্যামাপোকা, গন্ধীবাগ, শিস-কাটা লেদা, খোলাপচা, বাদামি দাগ, ব্যাকটেরিয়া ধসা, ঝলসা রোগ। ভুট্টাতে মাজরা, পাতা মোড়া ও জাবপোকা। আখে পাইরিলা, দয়েপোকা, অড়হরে কান্ড ও শুঁটি ছিদ্রকারী পোকা, মরচে রোগ, সয়াবিন শুঁটি ছিদ্রকারী পোকা, চীনা বাদামে শুঁয়োপোকা, তিলে শুঁটি ছিদ্রকারী পোকা। সবজিতে পোড়াপচা, পাউডার রোগ, পাতায় রোগ, পাতা খাওয়া পোকা, সাদামাছি, ডাঁটা ও ফল ছিদ্রকারী পোকা, শ্যামাপোকা। পানের গোড়া পচা। লেবু নালীপোকা ও ক্যাঙ্কার, পেঁপের গোড়া পচা ও পাতা শুকনো, আমের সাইলিডগল, কলার সিগাটোকা, নারকেলের কুঁড়ি পচা রোগ।

ফসল তোলা-

আউস পেকে গেলে তোলার ব্যবস্থা নিতে হবে। ১২০-১৩৫ দিন বাসি পাট কেটে পাতা ঝরানোর পর স্বল্প স্রোতের জলে পচানো। পাটের জাঁকে মাটির ঢেলা ও কলাগাছ চাপানো যাবে না। কাঁচা খাওয়ার জন্য ভুট্টা তোলা যাবে। সয়াবিন, চীনাবাদাম, তিল তোলা যাবে।

বিবিধ-

সার্ভে ও মানচিত্র তৈরি করে ভূমি ও জল সংরক্ষণ প্রকল্পের উপযুক্ত স্থান নির্বাচন ও মোট প্রকল্প ব্যয় নির্ধারণ।

## কৃষিকাজ

কার্ত্তিক (Oct- Nov) ও অগ্রহায়ণ (Nov- Dec)

ফসল বোনা যাবে-

কার্ত্তিকের ১ম সপ্তাহ পর্যন্ত টোরি সর্ষে এবং ৩য় সপ্তাহ পর্যন্ত সাদা সর্ষে ও রাই, পয়রা খেসারি, মসুর, ছোলা ও মটরশুঁটি, গম ও সূর্যমুখী, জিরে, ধনে, মৌরি, কালোজিরে, মেথি, রসুন, পেয়াজ এবং বীন, পালং প্রভৃতি সবজি। চারা তৈরি/প্রস্তুতি- বোরো ধান, প্রকৃত আলুর বীজ থেকে চারা, নাবিজাত ফুলকপি, বাঁধাকপি, টম্যাটো, লঙ্কা প্রভৃতি। চারা রোয়া/লাগানো- হেমন্তকালীন আখ, আলু, বাঁধাকপি, ফুলকপি, ওলকপি, লঙ্কা, ক্যাপসিকাম, বেগুন প্রভৃতি সবজি।

অন্তর্বর্তী পরিচর্যা-

আমন ধানের কাচ থোড় আসার মুখে শেষ চাপান সার প্রয়োগ। সর্ষে বোনার ১৫ দিন পরে গাছ পাতলা করে চাপান সার ও ৩০-৩৫ দিন পর ২য় চাপান সার প্রয়োগ। সবজি ও মশলা জাতীয় ফসল লাগানোর ২১ ও ৪২ দিন পর চাপান সার প্রয়োগ। ফল গাছে সার প্রয়োগ (কার্ত্তিক)। কলা ঝাড়ে ২টি তেউড় রেখে বাকি তেউড় কেটে ফেলা ও সেচ প্রয়োগ।



শস্য রক্ষা-

(আক্রমণ হলে নিয়ন্ত্রণ ব্যবস্থা নিতে হবে)- আমন ধানের ঝাঁঝি, খোলা ধসা, শ্যামা পোকা, বাদামি শোষক পোকা, শিষ-কাটা লেদা, গন্ধীবাগ ও ভুষো রোগ। অড়হর গাছে শুঁটি ছিদ্রকারী পোকা, মরচে ও ধসা রোগ। সবজিতে পাতা খাওয়া পোকা, ডাঁটা ও ফল ছিদ্রকারী পোকা, রসশোষক পোকা, গোড়া পচা, পাতায় দাগ রোগ। আদা ও হলুদের নরমপচন রোগ। পানের লতা নামানোর আগে ছত্রাকনাশক প্রয়োগ।

ফসল তোলা-

শিষের ৮০ শতাংশ দানা পেকে গেলে ধান কাটা। সয়াবীন, কলাই ও চীনাবাদামের ৮০ শতাংশ শুঁটি পেকে গেলে ফসল তোলা।

বিবিধ-

জল ও ভূমি সংরক্ষণ কর্মসূচির অনুমোদনপ্রাপ্ত প্রকল্পগুলির রূপায়ণের ব্যবস্থা। পুকুর, নালা, জলাশয়, কুয়ো সংস্করণ ও বাঁধ মেরামতি।

AHEAD Initiatives
Addressing Hunger Empowerment And Development

নবদিশা-র পক্ষে ৫/১/২/জি, কর্ণফিল্ড রোড, কলিকাতা – ৭০০০১৯ থেকে প্রকাশিত ও ডি আর সি এস সি, ৫৮ ধর্মতলা রোড, বোসপুকুর, কসবা, কলকাতা – ৭০০০৪২ থেকে মুদ্রিত। সৌজন্যঃ কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার ২০১৪।